মুজিবনগরে নগদ টাকা ও ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগরে ১শ ২০ বোতল ফেন্সিডিল ও ফেন্সিডিল বিক্রির ১ লাখ ৫৮ হাজার টাকাসহ রমজান শেখ (৬৩) নামের এক মাদক ব্যবসাশীকে আটক করেছে ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়।

আটক রমজান শেখ একই গ্রামের মৃত নিয়ামত শেখ এর ছেলে। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এস আই মুক্ত রায় এর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামে অভিযান চালিয়ে বিপুল পরিমান ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। সেই সাথে ফেন্সিডিল বিক্রির নগদ ১ লাখ ৫৮ হাজার টাকা জব্দ করা হয়েছে।

জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে তাকে জিজ্ঞাসাবাদ শেষে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এছাড়াও আটক রমজান শেখ এর বিরুদ্ধে আরও ৪টি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

গাংনীতে জাতীয় সমাজ সেবা দিবস পালন

মেহেরপুরের গাংনী উপজেলা জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০ টায় গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর জেলা

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা কাজি আবু মুনসুরের সভাপতিত্বে উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী প্রেসক্লাবের সভাপতি রমজান আলীসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান বৃন্দরা উপস্থিত ছিলেন

মেহেরপুর জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস গ্রন্থে মিথ্যা তথ্য প্রকাশ করায় সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস গন্থে মিথ্যা তথ্য প্রকাশ করাই সংবাদ সম্মেলন করেছে গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়নের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রাণ ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা। শনিবার বেলা ১১ টার সময় গাড়াবাড়িয়া নিজ বাসভবনে সংবাদ সম্মেলনের আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মিজানুর রহমান রানা বলেন, কথা সাহিত্যিক রফিকুর রশিদ রিজভি এর লেখা ‘ মেহেরপুর জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস’’ নামক একটি বই প্রকাশ করেন। ২০০৯ সালে গতিধারা প্রকাশনা থেকে প্রকাশিত বইটিতে পরিশিষ্ট-ঘ(২৪৯) ও পৃষ্ঠা২৫৩ ত্রমিক নং-২৭ এ গাড়াবাড়িয়া গ্রামের সাবেক ইউপি চেয়ারম্যান আমিনুল ইসলামকে স্বাধীনতা বিরোধী হিসেবে তুলে ধরার চেষ্টা করেছেন। বই তে একটি জায়গাতে বলা হয়েছে ইচ্চার বিরুদ্ধেও শান্তি কমিটির সদস্য হিসেবে নাম লেখাতে বাধ্য হয়েছেন অনেকে।

এব্যপারে ভিন্নমত রয়েছে বলেও লেখক ফুটনোটে উল্লেখ করেছেন। সংবাদ সম্মেলনে আরো জানান, জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী আমিনুল ইসলামের জন্ম ১৯৫৭ সালের ১৮ই অক্টোবর। সে অনুযায়ী আমিনুল ইসলামের বয়স মাত্র ১৩ বছর। আমিনুল ইসলামের পরিবারের দাবী ১৩ বছরের কিশোর কিভাবে শান্তি কমিটির সদস হতে পারেন? আমিনুল

ইসলামের বিরুদ্ধে যে তথ্য প্রকাশ করা হয়েছে তা সম্পুর্ণরুপে মিথ্যা,বিভ্রান্তিকর ও উদ্দেশ্য প্রনোদিত।

এছাড়াও আমিনুল ইসলাম ১৯৮৩ সাল পর্যন্ত কাথুলী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পাঃলন করেছেন। ১৯৭৯ সালের জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামীলীগের মনোনীত প্রার্থী এনামুল হকের নৌকার পক্ষে নির্বাচনে সক্রিয় ভাবে কাজ করতে গিয়ে বিএনপি সরকারের রোষানলে পড়েন।

মিজানুর রহমান রানা নিজেও ছাত্র জীবন থেকে ১৯৯২ সালে মেহেরপুর সরকারি কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রলীগ মনোনীত প্যানেল থেকে সমাজ কল্যাণ সম্পাদক পদে নির্বাচিত হন এবং কলেজ ছাত্রলীগের সহ সভাপতি ও জেলা ছাত্রলীগের সদস্য হিসেবে সক্রিয় দায়িত্ব পালন করেন।

কাথুলী ইউনিয়ন পরিষদের নির্বাচনে নৌকার মনোনীত হয়ে দু বার ইউপি চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়ে বর্তমানে দায়িত্ব পালন করছেন। রফিকুর রশিদ রিজভি একজন বাংলা সাহিত্যের শিক্ষক। প্রাতিষ্ঠানিক নিরিখে তিনি ঐতিহাসিক নন,এবং মুক্তিযুদ্ধের প্রতক্ষদর্র্শও নন।

তবে মেহেরপুর জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ে কিভাবে তিনি রাজাকার বা শান্তি কমিটির তথ্য সংগ্রহ করলেন তা বিবেচ্য বিষয় বলেও উল্লেখ করেন সংবাদ সম্মেলনে। লেখক তার লেখা বইটি প্রত্যাহার ও সংশোধন করবে এমন দাবী জানান আমিনুল ইসলামের পরিবার। এসময় আমিনুল ইসলামসহ পরিবকারের লোকজন উপস্থিত ছিলেন।

এবিষয়ে ‘মেহেরপুর জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস’ বই এর লেখর কথা সাহিত্যিক রফিকুর রশিদ রিজভি জানান, আমি মেহেরপুর জেলার মুক্তিযুদ্ধকালীণ তথ্য সংগ্রহের সময় প্রতিটি এলাকায় ঘুরেছি। প্রবীণদের সাথে কথা বলেছি তার পর বই লেখার কাজ শুরু করেছি। ব্যক্তি আক্রোশ বা কাউকে সামাজিক ভাবে হেয় করা আমার উদ্দেশ্য নয়।

তার পরেও বই তে প্রথমে বলা হয়েছে আমার তথ্য বিষয়ে যদি কোন ভুল থেকে থাকে তাহলে আগামী সংস্করণে সংশোধন প্রকাশ করার সুযোগ রয়েছে। সেই ক্ষেত্রে সুনির্দিষ্ট তথ্য সরবাহ করতে পারবেন দ্বিমতকারীরা।

মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস পালন

“ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মানে, সেবা ও সুযোক প্রান্তজনে” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমাজসেবার উদ্যোগে জাতীয় সমাজসেবা দিবস ২০২১ উদযাপন করা হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১১টার দিকে উপজেলা পরিষদ হলরুমে উক্ত অনুষ্ঠান আয়োজন করা হয়।মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা প্রকৌশলী শাহীন আক্তার।

বক্তব্য রাখেন পল্লী সমাজসেবা গ্রাম কমিটির সভাপতি আশরাফুল ইসলাম ও সদস্য তাহমিনা খাতুন প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই সমাজসেবার বিভিন্ন কার্যক্রম তুলে ধরে উপস্থিত সকলের সামনে স্বাগত বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব।

অনুষ্ঠান শেষে ১৫জন প্রতিবন্ধী ব্যাক্তিকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ও সুবর্ন নাগরিক পরিচয়পত্র প্রদান করা হয়।

গাড়াবাড়ীয়া মানবকল্যাণ সংগঠনের

উদ্যোগে কর্মহীন পরিবারকে কর্মসংস্থানের ব্যবস্থা

চলব মোরা একসাথে, জয় করবো মানবতা কে এই শ্লোগানকে সামনে রেখে গাংনীর গাঁড়াবাড়ীয়াতে মানবকল্যাণ সংগঠনের উদ্যোগে ২ টি কর্মহীন পরিবারকে কর্মসংস্থানের ব্যবস্থা করে দেয় হয়েছে। এই সংগঠনটি,গাঁড়াবাড়ীয়া গ্রামের কিছু যুবক একত্র হয়ে প্রতিষ্ঠা করে।

সংগঠনের লক্ষ্যে ও উদ্দেশ্য শুধুমাত্র;- ক্ষুধার্ত, আশ্রয়হীন এবং শিক্ষা ও চিকিৎসা ইত্যাদি সুবিধা বঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর প্রত্যয়।

গাড়াবাড়ীয়া মানবকল্যাণ সংগঠনের উদ্যোগে বছরের শুরুতেই দুইটি অসহায় পরিবারকে কর্মসংস্থানের ব্যবস্থা করে দেওয়া হয়। একটি ছমির উদ্দিনের পরিবার ওপরটি মুকুল হোসেনের পরিবার।

এ ছাড়াও পরবর্তী সময়ে যেন মানুষের দারপ্রান্তে হাত পেতে দিন চালাতে না হয় সেই প্রত্যেয়ে, অসহায় মানুষগুলোর পাশে দাঁড়াতে সবসময় প্রস্তুত গাড়াবাড়ীয়া মানবকল্যাণ সংগঠনের সদস্যরা।

সাজ্জাদ হোসেন পলাশ জানান, ক্ষুধার্ত, আশ্রয়হীন এবং শিক্ষা ও চিকিৎসা বঞ্চিত মানুষের পাসে দাঁড়াতে পেরে আমরা খুবি আন্দিত, মোঃ জসীম উদ্দিন জানান, গ্রামের সকল বিত্তবান ও সাধারণ মানুষের সকলের সহযোগিতা কামনা করছি।

মেহেরপুরসহ বিভিন্ন বিদ্যালয়ে বই বিতরণ

গতকাল শুক্রবার বেলা ১২টার সময় মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর-শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বছরের শুরুতে বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে।

শ্যামপুর-শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্যামপুর-শালিক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ আব্দুল বারী, ইউনিয়ন কৃষক লীগের সাধারণ সম্পাদক কামাল হোসেন, সহকারি শিক্ষক মোঃ মোখলেছুর রহমান, আব্দুর রশিদ, মোহাম্মদ আলীসহ অনেকে।

এছাড়াও, মেহেরপুরে ১৩ টি মন্দির ভিত্তিক শিক্ষা কেন্দ্রে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে বই বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ভার্চুয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খান (এম.পি) মেহেরপুরসহ ৬৪ জেলায় বই বিতরণী অনুষ্টানের উদ্ভোধন করেন।

এসময় অনুষ্টানটির সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব রঞ্জিত দাস।

এসময় মেহেরপুর শ্রী শ্রী শিদ্ধেশ্বর কালী মন্দিরে উপস্থিত ছিলেন মেহেরপুরের এডিএম তুষার কুমার পাল, সহকারী প্রকল্প পরিচালক ও হিন্দু কল্যাণ ট্রান্স এর প্রকল্প পরিচালক হ্যাপি সাহাসহ ১৩ টি মন্দির ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ অভিবাকগণ।

ঝিনাইদহ প্রতিনিধি জনান, সারা দেশের ন্যায় ঝিনাইদহেও করোনা মহামারির মধ্যে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়েছে।

শুক্রবাল সকালে শহরের সরকারি উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে বই উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। এসময় সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ সফিয়ার রহমান, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রফেসর সুষেন্দু কুমার ভৌমিকসহ শিক্ষক, অভিভাবকরা উপস্থিত ছিলেন।

এছাড়াও শহরের বালিকা উচ্চ বিদ্যালয়সহ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ করা হয়েছে।

করোনা মহামারির মাঝেও সামাজিক দূরুত্ব বজায় রেখে বই বিতরণ করায় খুশি শিক্ষার্থী ও অভিভাবকরা।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, আগামী ১২ জানুয়ারি পর্যন্ত জেলার ৬ উপজেলায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে ৩৪ লাখ ৯১ হাজার ৮’শ ৩০ টি বই বিতরণ করা হবে।

এছাড়াও, মহামারি করোনার মধ্যে সারা দেশের ন্যায় হরিণাকুণ্ডু উপজেলার ঐতিহ্যবাহী ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বছরের প্রথম দিনে নতুন বই তুলে দেওয়া হয়েছে।

গতকাল শুক্রবার সকালে বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে বই উৎসবের উদ্বোধন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাসেম। এসময় আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শিল্পি খাতুন, ঝিনাইদহ প্রেস ক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলমসহ বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র এবং অভিভাবকরা।

মহামারি করোনা ভাইরাসের মাঝেও প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর নির্দেশনা মোতাবেক সামাজিক দূরুত্ব বজায় রেখে বই বিতরণ করায় খুশি শিক্ষার্থী ও অভিভাবকরা।

প্রধান শিক্ষক জানান, সরকারী নির্দেশনা মোতাবেক আগামী ১২ জানুয়ারির মধ্যে সকল ক্লাসের বই বিতরণ কাজ সম্পন্ন করা হবে।

চিৎলা প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গার চিৎলা ইউনিয়নের কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন বছরকে সামনে নিয়ে বছরের প্রথম দিনে বই বিতরণ করা হয়েছে। সামাজিক দূরত্ব বজায় রেখে প্রত্যেকে মাক্স পরিধান করে বই বিতরণের অনুষ্ঠানটি পরিচালনা করা হয়।

অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেছেন, কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মোছা: সন্ধি মন আরা শাহ্। তিনি বলেন, কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে এবং মাক্স পরিধান করে বই বিতরণ এর কাজ শুরু করা হয়, এবং আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মা সেতুর কাজ সম্পন্ন করে যে সাহসিকতার পরিচয় দিয়েছেন এবং বাংলাদেশের পতিটা প্রাথমিক বিদ্যালয়ের সরকারিকরণ করার ফলে বাংলাদেশকে বিশ্বের কাছে রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছে।

এ সময় আরো উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষিকা মাকসুদা

মালিক, ম্যানেজিং কমিটির সহ-সভাপতি টিপু মিয়া, ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ ও শিক্ষক-শিক্ষিকা বৃন্দ।

জীবননগর অফিস জানায়, জীবননগর উপজেলায় নতুন বছরে বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে জীবননগর উপজেলা প্রাথকিমক শিক্ষা অফিসের আয়োজনে সামজিক দূরত্ব বজায় রেখে নতুন বছরের প্রথম দিনে জীবননগর উপজেলার ৭১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৩৫টি কেজি স্কুলের প্রায় ২৪হাজার শিক্ষার্থীর মধ্যে নতুন বছরের প্রথম দিনে বিনামূল্যে বই বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার এস.এম.মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসারের স্ত্রী মেহেরুন্নেছা, জীবননগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান।

একই দিনে আলীপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন, আলীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদেও, প্রধান শিক্ষক আবুল হাসেমসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীগণ।

মেহেরপুরসহ বিভিন্ন স্থানে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মহাফিল অনুষ্টিত হয়।

গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির আহবায়ক সাইফুল ইসলাম সেলিম এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতিয়

পার্টির সদস্য সচিব আব্দুল হাদী।

এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সাধারাণ সম্পাদক হাবীব, জেলা জাতীয় পার্টির যুগ্ম-আহবায়ক সুমন পারভেজসহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ, বারেক আলী প্রমুখ।

দামুড়হুদা প্রতিনিধি জানান, দামুড়হুদায় জাতীয় পাটির ৩৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৩টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বাসস্ট্যান্ডে অবস্থিত কেরু অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা জাতীয় পাটির সভাপতি শহিদুল আলম, বিশেষ অতিথি ছিলেন দর্শনা পৌর শাখার সভাপতি নুরুজ্জামান, দামুড়হুদা উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক সহিদ আজম সদু, দামুড়হুদা সদর ইউনিয়ন শাখার সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, আশাদুল, আকবার আলি, মাহাবুব প্রমুখ।

মুজিবনগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ

মুজিবনগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই বিতরণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে এগারোটার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে বই বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী সংযুক্তের মাধ্যেমে উপস্থিত থেকে দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বই বিতরণের উদ্বোধন করেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জনপ্রশাসন

প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তৌফিকুর রহমান, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদ, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোবারক হোসেন প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন।

মেহেরপুর হবে শিক্ষা নগরী- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আগামীতে মেহেরপুর হবে শিক্ষা নগরী। শতভাগ শিক্ষিত জেলা হিসেবে বাংলাদেশের মডেল হবে মেহেরপুর। ইতিমধ্যে শিক্ষাকে আরও একধাপ এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের “মুজিবনগর বিশ্ববিদ্যালয়” অনুমোদন দিয়েছেন। এছাড়াও প্রায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানেই দৃষ্টি নন্দন ভবন উপহার দিয়েছেন।

শিক্ষাখাতে আমরা আর পিছিয়ে থাকবো না। ১ জানুয়ারি শুক্রবার ভার্চুয়ালী শিক্ষার্থীদের মাঝে বিনা মূল্যে বই বিতরণ উৎসবে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জন প্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

তিনি আরও বলেন, আমাদের পাশের দেশ ভারত, শুধু মাত্র সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিনা মূল্যে বই দেই। কিন্তু মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর, সরকারি বেসরকারি, কিন্টার গার্ডেন সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বছরের প্রথম দিনেই বিনামূল্যে বই তুলে

দিচ্ছেন। এটা পৃথিবির আর অন্য কোন দেশে এমন নজির নেই। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে বিশ্বের বুকে মাথা উচু করে দাড়াঁতে শিখেছে।

১ জানুয়ারি সকাল ১০ টায় জেলা প্রশাসক মুনসুর আলম খানের সভাপতিত্বে বই বিতরণ উৎসবে উপস্থিত ছিলেন, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফজলে রহমান।

এ বছর প্রাথমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি মিলে মেহেরপুর জেলায় মোট ১২ লাখ ৬৬ হাজার ৯৪ টি বই বিতরণ করা হবে। করোনা পরিস্থিতির কারনে প্রথম দিনে শুধু মাত্র ১টি শ্রেনীর শিক্ষার্থীদের একাংশকে বই তুলে দেওয়া হয়। পর্যায় ক্রমে ১৬৮ টি মাধ্যমিক, কারিগরি, মাদ্রাসা ও ২৮০ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়া হবে।

গাংনীতে আচরণ বিধি লঙ্ঘন করলেন এমপি ও উপজেলা চেয়ারম্যান

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন ও গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। তবে উপজেলা পরিষদ চত্ত্বরে এ ধরণের আচরণবিধি লঙ্ঘন করলেও স্থানীয় উপজেলা প্রশাসন এবং নির্বাচনী দায়িত্বে নির্বাহী ম্যাজিষ্ট্রেট কোন ব্যবস্থা নেননি।

গতকাল বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলা পরিষদ চত্ত্বরের উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ের সামনে নির্বাচনী মতবিনিময় সভায় অতিথি হিসেবে বক্তব্য দিয়ে এ আচরণ বিধি লঙ্ঘন করেন।

এ ব্যাপারে গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, ঘরোয়া পরিবেশে নেতৃবৃন্দদের নিয়ে মতবিনিমিয় করা হয়েছে। কোন মাইক টাইক ছিলনা। আচরণবিধি যাতে লঙ্ঘন না হয় সেকারণেই ঘরোয়া পরিবেশে এটা করা হয়েছে।

মেহেরপুর-২ আসনের (গাংনী) সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন বলেন, দলের সভাপতি হিসেবে নির্বাচনী ভাবনায় না, কর্মীসভা হিসেবে সেখানে গিয়েছি।

এ উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, বিষয়টি রির্টানিং অফিসার জানেন। তাছাড়া আমরাও নিষেধ করেছি এধরণের আচরণবিধি লঙ্ঘন করে নির্বাচনী মতবিনিময় সভা না করার জন্য।

গাংনী পৌরসভার নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা ও জেলা নির্বাচন কর্মকর্তা আহম্মেদ আলী জানান, জনপ্রতিনিধিরা নির্বাচনী কোন কাজে অংশ নিতে পারেন না। বিষয়টি জানার পর এ বিদায়িতপ্রাপ্ত নির্বাহী ম্যাজিষ্ট্রেটকে বলা হয়েছে, তিনি ব্যবস্থা নেবেন।

গাংনী উপজেলা ভুমি কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর ই আলম সিদ্দিকী জানান, এ বিষয়ে নির্দেশনা পেয়েছি পুলিশ ডাকা হয়েছে। পুলিশ আসলে অভিযান চালানো হবে। তবে মতবিনিময়সভা যথানিয়মে শেষ হলেও প্রশাসনিক ভাবে কোন ব্যবস্থা নেওয়া হয়নি।

গাংনী আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদের আলীর সভাপতিত্বে বক্তব্য দেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি মকবুল হোসেন, জেলা আ.লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, গাংনী উপজেলা আ.লীগ সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, জেলা কৃষক লীগ সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ,

সহ সভাপতি নবীর উদ্দীন, যুগ্ম সম্পাদক মজিরুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, পৌর কৃষক লীগ সভাপতি বদরুল আলম, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, উপজেলা ছাত্রলীগের সাবেক আহবায়ক ইসমাইল হোসেন ও সাবেক ছাত্রলীগ নেতা সাহিদুজ্জামান সিপু, উপজেলা ছাত্রলীগ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু ও সাধারণ সম্পাদক আসিফ ইকবাল প্রমুখ।